# রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা ভোট ২০ আগস্ট: ইসি




ছবি: সংগৃহীত

২৩তম রাষ্ট্রপতি নির্বাচন উপলক্ষে তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ২০ আগস্ট জাতীয় সংসদ ভবনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

বৃহস্পতিবার (৬ আগস্ট) সংসদ সচিবালয় থেকে সংসদ সদস্যদের ভোটার তালিকা নির্বাচন কমিশনের কাছে পৌঁছানোর পর নির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল প্রকাশ করা হয়।

তফসিল অনুযায়ী, আগামী ১৩ আগস্ট সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। ১৬ আগস্ট মনোনয়নপত্র যাচাই-বাছাই অনুষ্ঠিত হবে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৮ আগস্ট।

নির্বাচনের ভোটগ্রহণ ২০ আগস্ট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদের অধিবেশন কক্ষে অনুষ্ঠিত হবে।

এর আগে, গত ২৪ জুলাই দেশের ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করলে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের সাংবিধানিক প্রক্রিয়া শুরু হয়। এ প্রক্রিয়ার অংশ হিসেবে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন সংসদের স্পিকারের সঙ্গে বৈঠক করেন।

সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনে ভোটার হিসেবে অংশ নেন কেবল জাতীয় সংসদের সদস্যরা। সেই অনুযায়ী সংসদ সদস্যদের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশন রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।

LENS ASIA